গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
ওয়েবসাইট- www.techedu.gov.bd

বিষয় ঃ ২৫/০৯/২০১৯ খ্রিঃ তারিখে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন আঞ্চলিক পরিচালক ও পলিটেকনিক ইনস্টিটিউট/টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষগণের সাথে অনুষ্ঠিত মতবিনিময় সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ রওনক মাহমুদ, অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
স্থান ঃ কনফারেন্স রুম, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
তারিখ ঃ ২৫ সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ
সময় ঃ বিকাল ০২:৩০ ঘটিকা।

সদস্যদের উপস্থিতি সংলাগ "ক" দ্রষ্টব্য।

সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি উপস্থিত আঞ্চলিক পরিচালক, পলিটেকনিক ইনস্টিটিউট ও টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষগণকে মতামতের আহ্বান জানান। অধ্যক্ষগণ তাদের প্রতিষ্ঠানের বিভিন্ন সমস্যা তুলে ধরেন। কারিগরি শিক্ষা অধিদপ্তরের পরিচালকগণ তাদের শাখা সংশ্লিষ্ট বিষয় নিয়ে বক্তব্য উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | আলাচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১। | অকেজো মালামাল ডিসপোজাল | সকল অকেজো/পুরাতন মালামাল ৩০/১০/২০১৯ তারিখের মধ্যে বিক্রি/ডিসপোজালের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ/টিটিটিসি/ভিটিটিআই/ পলিটেকনিক/মনোটেকনিক/ টিএসসি। |
| ০২। | ইন-হাউজ প্রশিক্ষণ | ইন-হাউজ প্রশিক্ষণ সম্পন্ন করে প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে প্রমাণক প্রেরণ করতে হবে। | অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ/টিটিটিসি/ভিটিটিআই/ পলিটেকনিক/মনোটেকনিক/ টিএসসি। |
| ০৩। | জব প্লেসমেন্ট | প্রতিষ্ঠানের শিক্ষকওয়ারী MoU সম্পাদনকারী ইন্ডাস্ট্রির তালিকা এবং চাকরি প্রদত্ত শিক্ষার্থীদের ডাটাবেস তৈরী করে প্রতি বছর জানুয়ারী মাসের মধ্যে নিজ নিজ ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে হবে। | অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ/ টিটিটিসি/ভিটিটিআই/ পলিটেকনিক/মনোটেকনিক/ টিএসসি। |
| ০৪। | আঞ্চলিক পরিচালকের কার্যক্রম | তার অধিক্ষেত্রধীন সকল বেসরকারি প্রতিষ্ঠানের মেরামতের তালিকা ৩০/০৯/২০১৯ মধ্যে প্রেরণ করতে হবে। তথ্য ছক অনুযায়ী পরিদর্শন প্রতিবেদন এবং প্রদত্ত দায়িত্ব পালন বিষয়ে প্রতিবেদন প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। | আঞ্চলিক পরিচালক |
| ০৫। | স্টেপ শিক্ষক | স্টেপ শিক্ষকগণকে "স্টেপ থেকে রাজস্ব খাতে আসার প্রক্রিয়াধীন" নামে অভিহিত করতে হবে এবং নিয়মিত শিক্ষকদের ন্যায় সকল কার্যক্রমে সম্পৃক্ত করতে হবে। | অধ্যক্ষ, পলিটেকনিক ইনস্টিটিউট |
| ০৬। | ক্রয়কৃত নতুন মেশিন ও যন্ত্রপাতি | ক্রয়কৃত সকল নতুন মেশিন ও যন্ত্রপাতি আগামী ৩০/১০/২০১৯ তারিখের মধ্যে কমিশনিং/ট্রায়াল এর কার্যক্রম সম্পন্ন করতে হবে। | অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ/টিটিটিসি/ভিটিটিআই/ পলিটেকনিক/মনোটেকনিক/ টিএসসি। |
| ০৭। | ফেসবুক ব্যবহার | প্রতিষ্ঠানের নামে ফেসবুক আইডি খুলে কারিগরি শিক্ষার প্রচার ও প্রসারের বিভিন্ন পজিটিভ কার্যক্রম তুলে ধরতে হবে কিন্তু প্রতিষ্ঠানের কোন শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী সরকার/মন্ত্রণালয়/অধিদপ্তরের কোনো বিষয়ে আপত্তিকর মন্তব্য/মতামত প্রদান থেকে বিরত থাকতে হবে। | অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ/টিটিটিসি/ভিটিটিআই/ পলিটেকনিক/মনোটেকনিক/ টিএসসি। |
| ০৮। | ডিজিটাল কনটেন্ট তৈরী | সকল শিক্ষকের তৈরিকৃত ডিজিটাল কনটেন্ট আগামী ৩০/১০/২০১৯ তারিখের মধ্যে এবং অবশিষ্ট ডিজিটাল কনটেন্টসমূহ আগামি ৩০/১১/২০১৯ তারিখের মধ্যে তৈরী করে নিজ নিজ প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রদর্শন ও কারিগরি শিক্ষা অধিদপ্তরের আইসিটি সেলের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ নিশ্চিত করতে হবে। | অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ/ টিটিটিসি/ভিটিটিআই/ পলিটেকনিক/মনোটেকনিক/ টিএসসি। |

| | | | |
|---|---|---|---|
| ০৯। | "বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ" কর্ণার স্থাপন | সকল প্রতিষ্ঠানে আগামি ৩০/১০/২০১৯ তারিখের মধ্যে "বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ" কর্ণার স্থাপন করে প্রমাণক ছবিসহ কারিগরি শিক্ষা অধিদপ্তরের সহকারী পরিচালক, শাখা-১ এর ই-মেইল dtead1@gmail.com এ প্রেরণ করতে হবে। | অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ/ টিটিটিসি/ভিটিটিআই/ পলিটেকনিক/মনোটেকনিক/ টিএসসি। |
| ১০। | শর্টকোর্স | সকল প্রতিষ্ঠানে ৩৬০ ঘন্টা মেয়াদী শর্টকোর্স চালুর উদ্যোগ গ্রহণ করতে হবে এবং প্রতি বছর জানুয়ারী মাসের ৩০ তারিখের মধ্যে কোর্স সম্পাদনকারীর তালিকা নিজ নিজ প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রদর্শনপূর্বক কারিগরি শিক্ষা অধিদপ্তরের সহকারী পরিচালক, শাখা ১ ও ৭ এ প্রেরণ নিশ্চিত করতে হবে। | অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক/ টিএসসি। |
| ১১। | ডাটাবেজ তৈরী | প্রতিষ্ঠানে অধ্যয়নরত ও পাশ করা সকল শিক্ষার্থীদের ডাটাবেজ তৈরী ও হালনাগাদ করতে হবে। | অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ/ টিটিটিসি/ভিটিটিআই/ পলিটেকনিক/মনোটেকনিক/ টিএসসি। |
| ১২। | পরিবেশ সংরক্ষণ | প্রতিষ্ঠানের অভ্যন্তর পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে ও বিভিন্ন অনুষ্ঠানের ব্যনার/ফেস্টুন ইত্যাদি তৈরীর ক্ষেত্রে পেনাপ্লেক্স এর পরিবর্তে পচনশীল কাপড় ও জুটেক্স ব্যবহার করতে হবে। | অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ/ টিটিটিসি/ভিটিটিআই/ পলিটেকনিক/মনোটেকনিক/ টিএসসি। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বক্ষরিত/-
(রওনক মাহমুদ)
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
ও
মহাপরিচালক (অঃদাঃ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

নং-৩৭.০৩.০০০০.০০১.১৮.০৮.২৯০.১৬/ ৪৭০ (১৪০) তারিখঃ ২৫/০৯/২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো :

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা-১০০০।
২। পরিচালক (প্রশাসন/ভোকেশনাল/পিআইডব্লিউ/পরিঃ ও উন্নঃ/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। আঞ্চলিক পরিচালক (সকল)।
৪। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা।
৫। অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ (সকল)।
৬। অধ্যক্ষ, ভিটিটিআই, বগুড়া।
৭। অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (সকল)।
৮। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (সকল)।
৯। সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১০। প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে এবং সকল প্রতিষ্ঠানের ই-মেইলে প্রচারের অনুরোধসহ)।
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১৩। সংরক্ষণ নথি।

২৫/৯/১৯
মোঃ সামসাদ খলিল
সহকারী পরিচালক -১
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা